

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, সালথা, ফরিদপুর।

<https://doict.saltha.faridpur.gov.bd>

ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের আইসিটি সংক্রান্ত সেপ্টেম্বর/২০১৯ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ হাসিব সরকার, উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।  
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ  
তারিখ : ০৩/০৯/২০১৯ খ্রি:।  
সময় : সকাল-১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হ’ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সমস্যা, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত উদ্যোক্তাগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়:

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	ওয়েব সাইট হালনাগাদ সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটের হালনাগাদের কাজ খুবই ধীর গতিতে চলছে। ইউনিয়ন পরিষদের উদ্যোক্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে তা দ্রুত ফলাফল পাওয়া যাবে। তিনি ওয়েব পোর্টাল হালনাগাদ শতভাগ করার জন্য সহযোগিতা প্রদান চলমান আছে বলে অবগতি করেন।	এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ শতভাগ করার জন্য উদ্যোক্তাদের সহযোগিতা প্রদান করছেন এবং সহযোগিতা প্রদান আরো বেগবান করবেন। এছাড়া উদ্যোক্তাদের মাসে দুই থেকে তিন দিন প্রশিক্ষণ দেয়া হবে বলে অবগত করে।	১। উদ্যোক্তা (সকল), সালথা, ফরিদপুর। ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সালথা, ফরিদপুর।
০২	ইউনিয়ন পর্যায়ে POP (Point of Presence) স্থাপন সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, সালথা উপজেলার মধ্যে ৪টি ইউনিয়নে pop স্থাপনের কার্যক্রম চলমান আছে এবং ৪টি ইউনিয়ন ইতিমধ্যে POP থেকে ইন্টারনেট সুবিধা ভোগ করছেন।	১। চলমান কাজ যাহাতে জরুরী ভিত্তিতে সম্পন্ন করা হয় এ জন্য জেলার নিযুক্ত সহকারী নেটওয়ার্ক প্রকৌশলীর সাথে সার্বক্ষণিকভাবে যোগাযোগ রাখার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। ২। POP এর চলমান কাজ শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে প্রয়োজনীয় সহযোগিতা দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সালথা, ফরিদপুর। ২। ইউপি চেয়ারম্যান (সকল)
০৩	ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, সেপ্টেম্বর/২০১৯ মাসে পরিদর্শন করে জানা যায় যে, সালথা উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার বিভিন্ন সরকারি সেবা ও পরামর্শ দিয়ে যাচ্ছে এবং ইউনিয়নের নারী উদ্যোক্তারা প্রায় সমস্ত ডিজিটাল সেন্টারে উপস্থিত থাকেন না।	১। জনগণের সরকারি সেবা নিশ্চিত প্রাপ্তির জন্য উদ্যোক্তারা যাতে নিয়মিত অফিসে অবস্থান করেন তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। ২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে রক্ষিত নষ্ট মালামাল উদ্যোক্তাদের মাধ্যমে সার্ভিসিং এর ব্যবস্থা করা এবং যে সমস্ত ডিজিটাল সেন্টারে ল্যাপটপ, ডেক্সটপ, ক্যামেরা, ফটোকপি মেশিন, সোলার সিস্টেম নেই তা এলজিএসপি ফান্ড থেকে ক্রয়ের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।	১। ইউপি চেয়ারম্যান (সকল) ২। উদ্যোক্তা (সকল)
০৪	জন্মনিবন্ধন পরিচালনাঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, প্রত্যেক ইউনিয়ন পরিষদে জন্মনিবন্ধন কার্যক্রম চালু আছে। তবে জন্মনিবন্ধন করতে পরিষদের জনগন খুবই অনাগ্রাহী কারণ তারা টাকা দিয়ে জন্মনিবন্ধন করতে অনিচ্ছুক।	এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ইউনিয়ন পরিষদের জনগণ যাতে জন্মনিবন্ধন করতে আগ্রহী হয় সে বিষয়ে পরামর্শ প্রদান করবেন বলে মত দেন। জন্মনিবন্ধনের সুযোগ-সুবিধা ও অসুবিধা কি সে বিষয়ে সবাইকে অবগত করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ হাসিব সরকার)  
উপজেলা নির্বাহী অফিসার  
সালথা, ফরিদপুর।


স্মারক নং- ৫৬.০৪.২৯৯০.০০০.০৬.০০২.১৯-০১

তারিখ:

১৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ  
০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, ফরিদপুর।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সালথা, ফরিদপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।
৫. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল)।
৬. ইউনিয়ন পরিষদের সচিব (সকল)।
৭. ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা (সকল)।
৮. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সালথা, ফরিদপুর।
৯. অফিস কপি।

  
০৩/০৯/১৯

(টিপু সুলতান)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

সালথা, ফরিদপুর।